বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ
bgfcl.org.bd

**৩১ আগস্ট ২০২৫ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০০তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. মোঃ ফারুক হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | ৩১ আগস্ট ২০২৫ |
| সভার সময় | দুপুর ২.৩০ টা |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভাপতি আগস্ট'২৫ মাসের/১০০তম সমন্বয় সভায় সকলকে স্বাগত জানান। সভাপতির অনুমতিক্রমে কোম্পানি সচিব সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে গত ২৭-৭-২০২৫ তারিখে অনুষ্ঠিত ৯৯তম সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.০। | **অপারেশন ডিভিশন:** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.১। | ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম। | **ক) তিতাস ফিল্ড:**<br>উপমহাব্যবস্থাপক (তিতাস) সভাকে অবহিত করেন যে, জাতীয় গ্রিড লাইন প্রেসার ৬০০ psi এর বেশী হলেই প্লান্ট কন্ট্রোলের জন্য তিতাসের বিভিন্ন কূপ বিশেষ করে তিতাস-১২, ১৭ ও ১৮নং কূপের লাইন প্রেসারের প্রতি বিশেষ নজর রাখতে হয় এবং প্রয়োজনে ব্লো-ডাউন করতে হয়। গ্রিড লাইনে এলএনজি সাপ্লাই বৃদ্ধি পেলে লাইন প্রেসার বেড়ে যায়। এছাড়া, কিছু কিছু কূপে গ্যাসের সাথে পানি উৎপাদন ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। তবে, তিতাস-ই এবং জি লোকেশনে কম্প্রেসর স্থাপন সম্পন্ন হলে বিষয়টির সুরাহা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। ব্যবস্থাপনা পরিচালক-এর প্রশ্নের জবাবে উপমহাব্যবস্থাপক (কনডেনসেট প্রসেসিং) সভাকে অবহিত করেন যে, কোম্পানির উৎপাদিত গ্যাসের কম্পোজিশন টেস্ট সর্বশেষ ৬মাস পূর্বে করা হয়েছে। এ টেস্টটি বুয়েট থেকে করা হয়। সভাকে আরও অবহিত করা হয় যে, ১৩টি ফ্লো-কম্পিউটার সংগ্রহের নিমিত্ত এলসি খোলা হয়েছে এবং নিয়োজিত ঠিকাদার কর্তৃক কার্যক্রম শুরু করা হয়েছে। ডিসেম্বর, ২০২৫ মাসের মধ্যে ফ্লো-কম্পিউটারসমূহের ইন্সটলিং ও কমিশনিংসহ সার্বিক কার্যক্রম সম্পন্নের জন্য ঠিকাদারকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | পেট্রোবাংলার চাহিদা অনুযায়ী দৈনিক সর্বোচ্চ পরিমাণ গ্যাস উৎপাদন স্থিতিশীল রাখতে সচেষ্ট থাকতে হবে।<br><br>কোম্পানির উৎপাদিত গ্যাসের কম্পোজিশন টেস্ট বুয়েট-এর মাধ্যমে সম্পাদন করতে হবে।<br><br>ডিসেম্বর, ২০২৫ মাসের মধ্যে ফ্লো-কম্পিউটারসমূহের ইনস্টলিং ও কমিশনিংসহ সার্বিক কার্যক্রম সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও সকল ফিল্ড ইনচার্জ |
| | | **খ) হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ড:**<br>হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ডে থাকা এবং ঢাকা লিয়াজোঁ অফিস থেকে ডিসমেন্টাল করে তিতাস-সি তে রাখা সর্বমোট ৯টি টেলিকমিউনিকেশন টাওয়ার 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের বিষয়ে কমিটি কর্তৃক ওয়েট ক্যালকুলেশন ও এস্টিমেশনসহ প্রতিবেদন দাখিল করা হয়েছে। এছাড়া, বিটিআরসি-এর পক্ষ হতে জানানো হয় যে, টাওয়ারসমূহ স্থাপনের সময় বিটিআরসি-এর সম্মতি গ্রহণ করা না হলে Dismantle করার জন্য বিটিআরসি-এর পূর্বানুমতির প্রয়োজন নেই। | হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ডে থাকা এবং ঢাকা লিয়াজোঁ অফিস থেকে ডিসমেন্টাল করে তিতাস-সি তে রাখা সর্বমোট ৯টি টেলিকমিউনিকেশন টাওয়ার 'যেখানে যে অবস্থায় আছে' ভিত্তিতে নিলামে বিক্রয়ের লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (তিতাস)/ (নরসিংদী)/ (হবিগঞ্জ) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **গ) নরসিংদী ফিল্ড:**<br>ব্যবস্থাপনা পরিচালক সভাকে অবহিত করেন যে, নরসিংদী ফিল্ডের সম্মুখভাগের অধিগ্রহণকৃত ভূমিতে বিদ্যমান কর্মকর্তা আবাসন ভেঙ্গে ফেলতে হচ্ছে বিধায় কর্মকর্তা আবাসনের প্রয়োজনীয়তা সদয় বিবেচনা করে অর্থ মন্ত্রণালয় কর্তৃক ভবন পুনর্নির্মাণের অনুমোদন প্রদান করা হয়েছে। এ অনুমোদন সম্পর্কে অবহিত করে পরবর্তী কার্যক্রম সদয় অনুমোদনের জন্য বিষয়টি কোম্পানির পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | নরসিংদী ফিল্ডের ভূমি অধিগ্রহণের ফলে ভেঙ্গে ফেলা কর্মকর্তাদের আবাসন ভবন পুর্ণর্নির্মাণের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গিয়েছে বিধায় পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুমোদনের জন্য বিষয়টি আগামী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (নরসিংদী)/ (পুরকৌশল) |
| ৩.২। | | **কামতা ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভবনটি পরিষ্কার-পরিচ্ছন্ন/ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য টিজিটিডিএসএল-এর ব্যবস্থাপনা পরিচালকের সাথে বিজিএফসিএল-এর ব্যবস্থাপনা পরিচালক টেলিফোনে আলাপ করেছেন। এ বিষয়ে টিজিটিডিএসএল-এর সংশ্লিষ্ট ডিপার্টমেন্টে যোগাযোগ করে কাজটি সম্পাদনে সচেষ্ট থাকার জন্য পরামর্শ প্রদান করা হয়। | কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভবনটি পরিষ্কার-পরিচ্ছন্ন/ সংস্কার করার বিষয়ে টিজিটিডিএসএল-এর সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপব্যবস্থাপক/ ইনচার্জ (কামতা) |
| ৪.০। | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :** | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। তন্মধ্যে, তিতাস-ই এবং জি লোকেশনে অক্টোবর, ২০২৫ এর মধ্যে কম্প্রেসর স্থাপনের লক্ষ্যে সিডিউল মোতাবেক কার্যক্রম সম্পাদিত হচ্ছে। ৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্পের আওতায় ৩য় কূপ হবিগঞ্জ-৫ এর ওয়ার্কওভার ১ অক্টোবর ২০২৫ তারিখে শুরু করার লক্ষ্যে কার্যক্রম চলমান আছে। প্রকল্পের RDPP-র জন্য Liquidity Certificate সংগ্রহ সংক্রান্ত নথি ইএমআরডি-র মাধ্যমে অর্থবিভাগে প্রেরণ করা হয়েছে। ২টি গভীর (Deep) অনুসন্ধান কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস-৩১ কূপের জন্য অধিযাচনকৃত ভূমির উন্নয়ন কাজ সম্পাদন করা হচ্ছে এবং বিকেবি-১১ কূপের জন্য ভূমি অধিযাচন সংক্রান্ত অর্থের চেক ডিসি অফিসে হস্থান্তর করা হয়েছে। হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের আওতায় Explosive সংগ্রহ, Recording System with Hardware & Software মালামাল ক্রয়, QC & Field Processing Equipment and Drilling Machine with Accessories ক্রয় কার্যক্রমসহ আনুষঙ্গিকক কার্যক্রম চলমান আছে। ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস ফিল্ডে ৩টি (তিতাস কূপ নং ২৮, ২৯ ও ৩০) ও কামতা ফিল্ডে ১টি কূপ সমন্বিতভাবে খননের জন্য CCDC, China এর সাথে চুক্তি হয়েছে। তিতাস কূপসমূহের খনন কাজ নভেম্বর মাসে শুরু করার পরিকল্পনা আছে। কামতা ফিল্ডের ভূমি উন্নয়ন কাজ শুরু করার জন্য মাড পন্ড স্থান নির্ধারসহ ফ্লেয়ার, প্রসেস প্লান্ট ও অন্যান্য লে-আউট ফাইনাল করা প্রয়োজন। সভায় প্রকল্প পরিচালক/সমন্বয়কগণ লোকবল সংকটের বিষয়টি বিশেষভাবে উল্লেখ করেন। | চলমান ৫টি প্রকল্পের কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদন করতে হবে।<br><br>৭টি কূপ ওয়ার্কওভার প্রকল্পের RDPP-র অনুমোদনে জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বিকেবি-১১ কূপ খনন সংশ্লিষ্ট ভূমির অধিযাচন কার্যক্রম সুষ্ঠু ও যথাযথভাবে সম্পাদনে জেলা প্রশাসনের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে।<br><br>কামতা ফিল্ডের মাড পন্ড স্থান নির্ধারসহ ফ্লেয়ার, প্রসেস প্লান্ট ও অন্যান্য লে-আউট মহাব্যবস্থাপক (টিএস) ও পিডি এবং প্রকল্প পরিচালক কর্তৃক খনন ঠিকাদার CCDC, China এর সাথে বসে চূড়ান্ত করতে হবে।<br><br>উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও প্রকল্প পরিচালক/সমন্বয়কগণ মহাব্যবস্থাপকবৃন্দের সাথে বসে প্রতিটি প্রকল্পের লোকবল পদায়ন সংক্রান্ত তালিকা চূড়ান্ত করবেন। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (পিডি)/(টিএস) এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিজিএফসিএল-এর ২টি প্রস্তাবিত প্রকল্প রয়েছে। তন্মধ্যে, তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে নিজস্ব ও জিওবি অর্থায়নে গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের জন্য Liquidity Certificate সংগ্রহ করা হচ্ছে। উক্ত কূপ এলাকায় বিদ্যমান আনসার ক্যাম্প অন্যত্র স্থানান্তর এবং স্ক্র্যাপ মালামাল অপসারণ করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। এছাড়া, তিতাস-১৫ ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণের লক্ষ্যে আইআইএফসি'র মাধ্যমে feasibility study সম্পন্ন হয়েছে। DPP পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ যথাসময়ে ও যথাযথভাবে সম্পাদন করতে হবে।<br><br>তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন এলাকায় বিদ্যমান আনসার ক্যাম্প অন্যত্র স্থানান্তরের বিষয়টি বোর্ডে উপস্থাপন করতে হবে এবং স্ক্র্যাপ মালামাল ৩নং লোকেশনে ডাম্পিংয়ের ব্যবস্থা করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) |
| ৪.৩। | প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের নিমিত্ত চাহিদানুযায়ী ম্যাটেরিয়েলস্ তালিকা তৈরি, কর্মপরিকল্পনা এবং কস্টিং করে টেন্ডার সিডিউল প্রণয়ন করা প্রয়োজন। হবিগঞ্জ ফিল্ডের ECC নবায়নের ক্ষেত্রে Fire License চাওয়া হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। এজন্য সর্বপ্রথম অনুমোদিত Fire Plan সংগ্রহের প্রয়োজন হবে। | কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ম্যাটেরিয়েলস্-এর তালিকা তৈরি, গৃহীতব্য কর্মপরিকল্পনা এবং প্রাক্কলন করে ৩০ সেপ্টেম্বরের মধ্যে টেন্ডার সিডিউল এর খসড়া উপস্থাপন করতে হবে।<br><br>ফিল্ডসমূহের Fire License সংগ্রহের লক্ষ্যে সকল ফিল্ডের জন্য অনুমোদিত Fire Plan সংগ্রহের বিষয়ে তৃতীয় পক্ষীয় কনসালটেন্ট ফার্মের সাথে যোগাযোগ করে তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৪। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন । | সভাকে অবহিত করা হয় যে, বিজিএফসিএল-এর ২টি প্রস্তাবিত প্রকল্পের (তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন এবং তিতাস-১৫ ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার) জন্য ECC সংগ্রহের আবেদন করা হয়েছে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খনন এবং তিতাস-১৫ ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের জন্য ECC সংগ্রহ দ্রুত করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট ফিল্ড ইনচার্জ |
| ৪.৫। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি: | | | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)। | সভাকে অবহিত করা হয় যে, সরকার কর্তৃক যাচিত গাইডলাইন অনুসরণে বিজনেস প্লান প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তদনুযায়ী বিজনেস প্লান প্রণয়ন করা হচ্ছে। মন্ত্রণালয়/ পেট্রোবাংলা হতে ২০২৫-২৬ অর্থবছরের APA/বিজনেস প্লান সংক্রান্ত কোন দিক-নির্দেশনা পাওয়া গেলে তদনুযায়ী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় আলোচনা করা হয়।<br><br>APA এর ৫ টুলস্ এর অন্তর্গত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) কার্যক্রম বিষয়ে ইনোভেশন কমিটি সচেষ্ট আছে। এর আওতায় কোম্পানির ৩টি | মন্ত্রণালয়/ পেট্রোবাংলা হতে ২০২৫-২৬ অর্থবছরের APA/ বিজনেস প্ল্যান সংক্রান্ত কোন দিক-নির্দেশনা পাওয়া গেলে তদনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন (Innovation) কর্মপরিকল্পনা অনুযায়ী কোম্পানির ৩টি নাগরিক সেবা (তৃতীয় পক্ষীয় ওয়ার্ক কমপ্লিশন/অভিজ্ঞতা সনদপত্র প্রদান, টিডিএস প্রত্যয়নপত্র এবং ভিডিএস প্রত্যয়ন পত্র প্রদান) সরকারের 'মাইগভ'-প্লাটফর্মে সেপ্টেম্বর, ২০২৫ সময়ের মধ্যে অন্তর্ভুক্তির ব্যবস্থা | মহাব্যবস্থাপক (সিজি) এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নাগরিক সেবা (তৃতীয় পক্ষীয় ওয়ার্ক কমপ্লিশন/অভিজ্ঞতা সনদ প্রদান, টিডিএস প্রত্যয়নপত্র এবং ভিডিএস প্রত্যয়ন পত্র প্রদান) সরকারের 'মাইগভ'-প্লাটফর্মে সেপ্টেম্বর, ২০২৫ সময়ের মধ্যে অন্তর্ভূক্তির লক্ষ্যে কার্যক্রম চলমান আছে।<br><br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথি কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ১০০% এ উন্নীত করার লক্ষ্যে করণীয় নির্ধারণ করা যেতে পারে। | গ্রহণ কতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম ১০০% এ উন্নীত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) |
| **৫.০।** | **কম্প্রেসর এন্ড জেনারেটর ডিভিশন:** | | | |
| | কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রম | মহাব্যবস্থাপক (সিজি) সভাকে অবহিত করেন যে, কোম্পানির কর্মরত জনবলের টিম কম্প্রেসরের একটি বৃহত্তর রক্ষণাবেক্ষণ কাজ সম্পাদন করেছে। বিশেষায়িত এবং নতুন টেকনোলজির কম্প্রেসর মেইনটেন্যান্স কার্যক্রমের ওপর প্রশিক্ষণ প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ মর্মে মহাব্যবস্থাপক (সিজি) অভিমত ব্যক্ত করেন। | কম্প্রেসর মেইনটেন্যান্স বিষয়ে Ariel এর মাধ্যমে প্রশিক্ষণের বিষয়ে যোগোযোগ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন)/ সিজি) এবং উপমহাব্যবস্থাপক (এইচআর) |
| **৬.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৬.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |
| | কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | ফিল্ড ইনচার্জ সভাকে অবহিত করেন যে, কামতা ফিল্ডের ৩টি মৌজার প্রায় ২.৮২ একর ভূসম্পত্তির নামজারির নিমিত্ত অনলাইন আবেদন করা হয়েছে। এ বিষয়ে ভূমি অফিসের সাথে যোগাযোগ অব্যাহত আছে। | কামতা ফিল্ডের ভূ-সম্পত্তির অবশিষ্ট অংশের নামজারির বিষয়ে সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/(অপারেশন) এবং ডিজিএম (এস্টেট) ও ফিল্ড ইনচার্জ |
| ৬.২। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির সিএস/ এসএ/বিএস রেকর্ড যথাযথ করার কার্যক্রম চলমান আছে।<br><br>কামতা ফিল্ডের উলুখোলা বাজার এলাকাস্থ কোম্পানির ভূমি কাঁটাতারের বেড়া দিয়ে ঘিরে দেয়া যেতে পারে। | কামতা ফিল্ডের উলুখোলা বাজার এলাকাস্থ কোম্পানির ভূমি কাঁটাতারের বেড়া দিয়ে ঘিরে দেয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬.৩। | কোম্পানির ফেনী গ্যাস ফিল্ডের ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ভূ-সম্পত্তির রেকর্ডে ফেনী গ্যাস ফিল্ড অন্তর্ভুক্ত আছে। এ ফিল্ডের হালনাগাদ তথ্য-উপাত্ত সম্বলিত প্রতিবেদন উপস্থাপনের জন্য ইতোপূর্বে একটি কমিটি গঠন হয়। কমিটির প্রতিবেদন দাখিল করা হবে।<br><br>সভাকে আরও অবহিত করা হয় যে, কোম্পানির ফেনী গ্যাস ফিল্ডের ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা গ্রহণের জন্য Comprehensive Plan প্রস্তুতকরণের লক্ষ্যে মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নয়ন)-এর নেতৃত্বে গঠিত ৮ সদস্য-বিশিষ্ট ১টি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ২৩-৭-২০২৫ তারিখে ফেনী গ্যাস ফিল্ড সরেজমিনে পরিদর্শন করেছে। কমিটির প্রতিবেদন প্রণয়নের কাজ চলমান রয়েছে। গত ৮-৮-২০২৫ তারিখে পেট্রোবাংলা হতে জানানো হয়েছে যে, ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের পরিচালন কার্যক্রম বাপেক্স ও নাইকোর মধ্যে একটি JVA এর আওতায় ছিল। বর্তমানে নাইকোর সাথে পেট্রোবাংলার ছাতক ফিল্ডের ব্লো-আউট সংক্রান্ত একটি মামলা আন্তর্জাতিক আদালতে চলমান আছে। মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ফেনী ফিল্ডে কোনরূপ কার্যক্রম গ্রহণ সমীচিন হবে না। | বিজিএফসিএল-এর উন্নয়ন কর্মপরিকল্পনার অধীনে ফেনী গ্যাস ফিল্ড-কে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে কমিটির প্রতিবেদন দাখিল করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি)/ কোম্পানি সচিব এবং সংশ্লিষ্ট কমিটি |
| **৭.০।** | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৭.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, কোম্পানির বিপক্ষে সর্বমোট ৪২টি মামলা রয়েছে। যার মধ্যে উচ্চ আদালতে ২৩টি (প্রশাসনিক-১৩টি ও অর্থ মামলা-১০টি) এবং নিম্ন আদালতে ১৯টি (ভূমি সংক্রান্ত-১২টি, প্রশাসনিক-৭টি ও অর্থ মামলা-২টি) মামলা রয়েছে। চলতি মাসে উচ্চ আদালতের ভূমি সংক্রান্ত ২টি মামলা নিষ্পত্তি হয়েছে।<br><br>প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্রাপ্ত ৭৭টি আবেদন কমিটি কর্তৃক যাচাই-বাছাই করা হচ্ছে। | ১। কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির জন্য অধিকতর তৎপর হতে হবে।<br><br>২। প্যানেল আইনজীবী নিয়োগের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br><br>৩। প্যানেল আইনজীবী নিয়োগ ও মামলা পরিচালনা সংক্রান্ত বিষয়ে পেট্রোবাংলার দিকনির্দেশনা অনুসরণ করতে হবে। | কোম্পানি সচিব/ উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |
| **৮.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৮.১। | ডাটা সেন্টার/সার্ভার তৈরি। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ওয়েব ক্লাউড, বিদ্যমান ১২টি কাস্টমাইজড সফটওয়্যার, অভ্যন্তরীণ ডাটা শেয়ার প্রভৃতি বিষয়াবলীর সু-সমন্বয়ে একটি কার্যকর ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত বিষয়ে দরপত্র সিডিউল প্রণয়ন করা হচ্ছে। | ডাটা সেন্টার/সার্ভার স্থাপন সংক্রান্ত দরপত্র সিডিউল আগামী ২ সপ্তাহের মধ্যে প্রণয়নপূর্বক কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি)/ (পিডি)/(অপারেশন) এবং সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮.২। | কোম্পানির অকেজো/ ব্যবহার অযোগ্য মুভেবল মালামাল অবলোপন/ অপসারণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল অবলোপন/ অপসারণের বিষয়ে কমিটি কর্তৃক তালিকা প্রণয়ন করা হয়েছে। তালিকাভূক্ত মালামালের এস্টিমেশন ও প্রাইসিং করা হচ্ছে। | কোম্পানির অকেজো/ব্যবহার অযোগ্য মুভেবল ও নন-মুভেবল/ স্ক্র্যাপ মালামাল অবলোপন/ অপসারণের লক্ষ্যে মালামালের তালিকা সম্বলিত কমিটির প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভার পূর্বে উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি/ (প্রশাসন)/(টিএস)/ (অর্থ ও হিসাব) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৮.৩। | কম্পিউটার ও একসেসরিজ | মহাব্যবস্থাপক (এমটি এন্ড আইসিটি) সভাকে অবহিত করেন যে, কম্পিউটার, প্রিন্টার, সংশ্লিষ্ট অন্যান্য ডিভাইস ও নেটওয়ার্কিং প্রভৃতির ক্রয় ও ব্যবহার সংক্রান্ত একটি গাইডলাইন প্রণয়ন করা প্রয়োজন। তছাড়া, উইনডোজ-১০ সহসাই বাতিল হয়ে যাচ্ছে বিধায় কোম্পানির সকল কম্পিউটারে উইন্ডোজ-১১ ব্যবহারের নিমিত্ত এমএস অফিস ও উইন্ডোজ-১১ এর অরিজিনাল লাইসেন্স (এন্টারপ্রাইজ ভার্সন) কেন্দ্রীয়ভাবে সংগ্রহ করে কোম্পানির সকল কম্পিউটারে ইনস্টলেশনের ব্যবস্থা করা যেতে পারে। | কম্পিউটার ক্রয়, ব্যবহার, রক্ষণাবেক্ষণ, আপগ্রেডেশন এবং অপারেটিং সফটওয়্যার সার্ভিস ও কাস্টমাইজড সফট্ওয়্যার সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ বিষয়ে একটি খসড়া গাইডলাইন প্রণয়ন করতে হবে।<br><br>এমএস অফিস ও উইন্ডোজ-১১ এর অরিজিনাল লাইসেন্স (এন্টারপ্রাইজ ভার্সন) আইসিটি বিভাগ কর্তৃক সংগ্রহ এবং প্রধান কার্যালয়ের কম্পিউটারসমূহের মাধ্যমে ইনস্টলেশন কার্যক্রম শুরু করতে হবে। | মহাব্যবস্থাপক (এমটিএন্ডআইসিটি) এবং ই-গভর্ন্যান্স ও ইনোভেশন টিম |
| ৯.০। | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৯.১। | নিরাপত্তা | উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে মহাব্যবস্থাপকগণকে সম্পৃক্ত করে পরিদর্শন সিডিউল প্রণয়ন করা হয়েছে এবং তদনুযায়ী নিরাপত্তা-পরিদর্শন করা হচ্ছে। কোম্পানির নিরাপত্তা প্রতিবেদনে উপস্থাপিত তথ্যাদির যথার্থতা নিশ্চিত করা হচ্ছে। ২৭৫টি সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা মনিটরিংসহ সিসিটিভিসমূহের নিয়মিত রক্ষণাবেক্ষণ অব্যাহত আছে। | কোম্পানির সার্বিক নিরাপত্তা ব্যবস্থা জোরদার রাখতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ৯.২। | কোম্পানির চিকিৎসা সেবা | ডেপুটি চিফ মেডিক্যাল অফিসার সভাকে অবহিত করেন যে, বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে অধিকতর ফলপ্রসূতা আনয়নের লক্ষ্যে সংগৃহীত কাস্টমাইজড সফট্ওয়্যার ব্যবহৃত হচ্ছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় নিয়ন্ত্রণে সকলকে সার্বিক সহযোগিতা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৯.৩। | নিয়োগ ও পদোন্নতি | মহাব্যবস্থাপক (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, বর্তমানে পদোন্নতিযোগ্য শূন্য পদ নেই। নিয়োগযোগ্য শূন্য পদ পূরণের লক্ষ্যে পেট্রোবালার সমন্বিত নিয়োগ প্রক্রিয়ায় কোম্পানির জন্য মনোনীত ১০৭জন প্রার্থী সহসাই যোগদান করবেন বলে আশা করা যায়। এছাড়া, ৬৫জন সহকারী কর্মকর্তা/ সহঃ কারিগরী কর্মকর্তা নিয়োগের প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে এবং বোর্ডের সিদ্ধান্তানুযায়ী জুনিয়র সিলেকশন কমিটির মাধ্যমে ৯০জন কর্মচারীর নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। | বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে। এছাড়া, বিধি মোতাবেক পদোন্নতি প্রদানের কার্যক্রম চলমান রাখতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯.৪। | ব্যবস্থাপক ও তদুর্দ্ধ কর্মকর্তাগণের ডরমিটরি এবং আবাসনে এসি স্থাপন। | সভায় ব্যবস্থাপক ও তদুর্দ্ধ কর্মকর্তাগণের ডরমিটরি এবং আবাসনে এসি স্থাপনের অনুমতি প্রত্যাশা করা হয়। এ প্রেক্ষিতে, প্রধান কার্যালয় কমপ্লেক্স এবং তিতাস-বি লোকেশনে ব্যবস্থাপক ও তদুর্দ্ধ কর্মকর্তাগণের ডরমিটরি/ আবাসনে বৈদ্যুতিক লোড/ক্যাপাসিটি থাকা সাপেক্ষে জনপ্রতি সর্বোচ্চ ১টি এসি স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে অভিমত ব্যক্ত করা হয়। | প্রধান কার্যালয় কমপ্লেক্স এবং তিতাস-বি লোকেশনে ব্যবস্থাপক ও তদুর্দ্ধ কর্মকর্তাগণের ডরমিটরি/ আবাসনে বৈদ্যুতিক লোড/ক্যাপাসিটি থাকা সাপেক্ষে জনপ্রতি সর্বোচ্চ ১টি এসি স্থাপনের অনুমতি প্রদান করা যাবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সার্ভিসেস) |
| **১০.০।** | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |
| ১০.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় উল্লেখ করেন যে, ২০২৫-২৬ অর্থবছর শুরু হওয়ায় অচিরেই এ অর্থবছরের সংশোধিত এবং প্রাক্কলিত বাজেট প্রস্তাব চাওয়া হবে। মন্ত্রণালয় এবং পেট্রোবাংলা কর্তৃক কোম্পানির বাজেট অনুমোদনের ক্ষেত্রে যৌক্তিক এবং বাস্তবসম্মত বাজেট প্রস্তাব উপস্থাপন গরুত্বপূর্ণ বিধায় এ বিষয়ে সকলের আন্তরিক সহযোগিতা প্রত্যাশা করা হয়। এছাড়া, সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ জানানো হয়। | ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এবং প্রাক্কলিত বাজেট প্রস্তাব যৌক্তিক ও বাস্তবসম্মতভাবে উপস্থাপন করতে হবে।<br><br>বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

আলোচনা শেষে সভাপতির অনুমতিক্রমে কোম্পানির মহাব্যবস্থাপক (মেইনটেন্যান্স এন্ড আইসিটি) জনাব মোঃ আমান উল্লাহ বাহার অদ্য ৩১-৭-২০২৫ তারিখে চাকরি হতে অবসরে যাওয়ার প্রাক্কালে তিনি সকলের দোয়া কামনা করেন এবং কোম্পানির উন্নতি ও সমৃদ্ধির জন্য সকলকে একসঙ্গে কাজ করার অনুরোধ জানান। সভায় কোম্পানিতে পুরকৌশল কাজের পাশাপাশি আইসিটি ক্ষেত্রে জনাব মোঃ আমান উল্লাহ বাহার-এর অনন্য অবদানের প্রতি কৃতজ্ঞতা জানানো হয়।

পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখতে নিয়মনীতি অনুসরণ করে সকল কার্য সম্পাদনের পরামর্শ প্রদান করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১৬ ভাদ্র ১৪৩২
৩১ আগস্ট ২০২৫

১০-০৯-২০২৫
প্রকৌ. মোঃ ফারুক হোসেন
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.১৮.০০০১.২৫.৯৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়ক/ফিল্ড ইনচার্জ।
৪। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

১১-০৯-২০২৫
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক